# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

বিষয় কোড : ১ ৪ ১

পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.▶** বেলাল একজন দরিদ্র কৃষক। তার পরিবারের সদস্য সংখ্যা ১০ জন। তার জীবিকা নির্বাহের জন্য রয়েছে সামান্য কৃষি জমি। তার এ বৃহদায়তন পরিবারের অভাব মেটাতে তাকে হিমশিম খেতে হয়। তাই সে তার সীমিত সম্পদের সাহায্যে অভাব পূরণ করার জন্য কৃষিজমির বিকল্প ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ক. অভাব কী? ১

খ. সীমিত সম্পদ বলতে কী বোঝায়? ২

গ. বেলাল সীমিত উপকরণ দ্বারা কীভাবে সীমাহীন অভাব পূরণ করবে ব্যাখ্যা করো। ৩

ঘ. বেলালের সীমিত সম্পদের বিকল্প ব্যবহার উদাহরণ উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

**২.▶** বাংলাদেশ খনিজ সম্পদে সমৃদ্ধ নয়। মোটামুটি এদেশে প্রাকৃতিক গ্যাসে অধিকতর সমৃদ্ধ। বাংলাদেশে বিদ্যমান সীমিত সম্পদের মধ্যে প্রাকৃতিক গ্যাসের ব্যবহার সর্বোচ্চ। প্রাকৃতিক গ্যাসের মজুদ উত্তোলন ও ব্যবহারের ওপর এদেশের অর্থনৈতিক ভবিষ্যৎ বহুলাংশে নির্ভরশীল।

ক. বাংলাদেশের কোথায় গন্ধক পাওয়ার সম্ভাবনা রয়েছে? ১

খ. বাংলাদেশ খনিজ সম্পদে সমৃদ্ধ নয় কেন বুঝিয়ে লিখ। ২

গ. বাংলাদেশের মানচিত্র এঁকে সিলেট অঞ্চলের গ্যাসের ক্ষেত্রগুলো চিহ্নিত করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশ প্রাকৃতিক গ্যাসের অর্থনৈতিক অবদান মূল্যায়ন করো। ৪

**৩.▶** নিচের ছকটি দেখো এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

| পণ্যের দাম | চাহিদার পরিমাণ |
|---|---|
| ২.০০ | ২০ |
| ৪.০০ | ১৫ |
| ৬.০০ | ১০ |
| ৮.০০ | ৫ |

ক. চাহিদা কী? ১

খ. চাহিদা বিধি কী? ব্যাখ্যা করো। ২

গ. উপরের সূচি থেকে একটি চাহিদা রেখা অঙ্কন করে ব্যাখ্যা করো। ৩

ঘ. অন্যান্য অবস্থা অপরিবর্তিত থেকে দাম বাড়ানোর পাশাপাশি আয়ের বৃদ্ধি ঘটলে চাহিদা রেখার কী পরিবর্তন হবে? যুক্তি সহকারে বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

৪.▶ দশম শ্রেণির অর্থনীতির ক্লাস করতে গিয়ে রহিমুদ্দিন উৎপাদন সম্পর্কে নতুন কিছু জানতে পারলো। এক জায়গার জিনিস অন্য জায়গায় নিয়ে গেলে কিংবা এক সময়ের উৎপাদিত জিনিস অন্য সময়ে বিক্রি করলেই যে উৎপাদন সম্ভব তা সে অবগত হলো। তাই উৎপাদন মানে নতুন কিছু সৃষ্টি নয়, বরং কোনো জিনিসের উপযোগিতা বাড়ানো তা সেই বুঝতে পারলো।

ক. উপযোগ সৃষ্টির প্রক্রিয়া কয় প্রকার? ১

খ. উৎপাদনের আদি ও মৌলিক উপকরণ হিসেবে ভূমির দুটি বৈশিষ্ট্যের বিবরণ দাও। ২

গ. 'দ্রব্যের স্থান পরিবর্তন করে বা এক সময়ের তৈরি দ্রব্য অন্য সময়ে বিক্রি করলে উৎপাদন হয়'— ধারণাটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উৎপাদনের বিভিন্ন রূপ বিশ্লেষণ করো। ৪

৫.▶ ঢাকার গেন্ডারিয়ার বাসিন্দা এলতাস নাটোরের বনপাড়া উপজেলায় চাকরি করে। সে দেখে বনপড়ায় শাকসবজি ও নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম গেন্ডারিয়ার তুলনায় বেশ কম। ক্রেতাদের ক্রয়ক্ষমতা, দোকান ভাড়া, পরিবহন খরচের ভিন্নতার জন্য, এমনটি হয় বলে তার ধারণা। তবে সে এটিও লক্ষ করে যে, ঐ বনপাড়া বাজারেই আমের দাম কম হলেও আঙ্গুরের দাম অনেক বেশি।

ক. সময়ের ভিত্তিতে বাজার কত প্রকার? ১

খ. দীর্ঘকালীন বাজার বলতে কী বোঝায়? বর্ণনা করো। ২

গ. এলতাসের অভিজ্ঞতার আলোকে কোন দুটি স্থানীয় বাজারে দামের পার্থক্য দেখা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. এলতাসের দেখা আমের বাজার ও আঙ্গুরের বাজারের মধ্যে পার্থক্য তুলে ধরো। তোমার নিকট কোনটির বাজার বেশি পছন্দনীয় এবং কেন? যুক্তিসহকারে ব্যাখ্যা করো। ৪

৬.▶ মাধ্যমিক শ্রেণির ছাত্রী শাপলা তার বন্ধু আকবরকে বলে যে, সে বুঝতে পারে না কীভাবে দেশের মোট আয় হিসাব করা সম্ভব। আকবর তাকে বুঝিয়ে বলে যে উৎপাদনের ৪টি উপকরণের আয় একত্র করেই মোট আয় নির্ণয় করা সম্ভব।

ক. GDP কী? ১

খ. মাধ্যমিক দ্রব্য বলতে কী বোঝ? ২

গ. আকবর জাতীয় আয় হিসাবের যে পদ্ধতির কথা বলে সেটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের পদ্ধতি ছাড়া জাতীয় আয় পরিমাপের জন্য অন্য কোনো পদ্ধতি আছে কি? যদি থাকে তাহলে সেগুলো আলোচনা করো। ৪

৭.▶ রিপন একজন ক্ষুদ্র ব্যবসায়ী। ব্যবসায় তাগিদে তিনি অর্থের প্রয়োজন হলে একটি ব্যাংক থেকে স্বল্পমেয়াদী ঋণ নেয়। আবার তিনি হুন্ডি ব্যবসায় সাথে জড়িত হওয়ার কারণে সময়ে অসময়ে হুন্ডি ভাঙিয়ে ব্যাংক থেকে অর্থ সংগ্রহ করেন। তাই তিনি মনে করেন এই ব্যাংক সমষ্টিগতভাবে দেশের উন্নয়নে অবদান রাখছে।

ক. বাণিজ্যিক ব্যাংকে কী কী হিসাব খোলা যায়? ১

খ. সঞ্চয়ী হিসাব খোলার সুবিধা কী? ২

http://teachingbd.com

গ. রিপন তার ব্যাংক থেকে যেসব সুবিধা পান তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যাংকটি কীভাবে দেশের উন্নয়নে ভূমিকা রাখতে পারে বিশ্লেষণ করো। ৪

**৮.▶** সিলেটের আনিস সাহেব বাঁশ ও বেত দিয়ে ঝুড়ি, মোড়া মাদুরসহ হস্তশিল্পজাত দ্রব্য তৈরি করে। এ কাজে তাকে তার দুই ভাই ও তিন বোন সহযোগিতা করে। তার তৈরি দ্রব্যের চাহিদা দেশে বিদেশে ব্যাপক বৃদ্ধি পায়।

ক. বাংলাদেশে কত প্রকারের শিল্প রয়েছে? ১

খ. বাংলাদেশের বেশিরভাগ শিল্প কৃষির উপর নির্ভরশীল কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত আনিসের শিল্পটি কী ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'আত্মকর্মসংস্থানের পাশাপাশি জাতীয় অর্থনীতিতে আনিস সাহেবরা গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন।' তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

**৯.▶** | অর্থনৈতিক প্রবৃদ্ধি | + | অর্থনীতির গুণগত পরিবর্তন | = | ? |

ক. শক্তি ফাউন্ডেশন কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. কৃষি ভিত্তিক শিল্প স্থাপনে কীভাবে বেকারত্ব ঘুচাতে পারে। ২

গ. ছকের প্রশ্ন '?' চিহ্নিত স্থানটি যে ধারণা নির্দেশ করে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. ছকে বর্ণিত ধাপসমূহের মধ্যে প্রথমটির সাথে সর্বশেষটির সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

**১০.▶** বাংলাদেশে সরকার তার ব্যয় নির্বাহের জন্য কর ও করবহির্ভূত উৎসগুলো থেকে আয় সংগ্রহ করে। তার ক্রমবর্ধমান ব্যয় মেটানোর জন্য আয়ের এ উৎসগুলো পর্যাপ্ত না হওয়ায় সরকারকে অন্যান্য উপায়েও ব্যয় বাড়ানোর কথা ভাবতে হয়। কর হার বৃদ্ধি, নতুন কর আরোপ ইত্যাদির মাধ্যমে সরকার তার আয় বাড়াতে পারে।

ক. চিনির উপর ধার্যকৃত করকে কী বলে? ১

খ. VAT কী? বর্ণনা করো। ২

গ. বাংলাদেশ সরকারের আয়ের উৎসভিত্তিক তালিকা প্রস্তুত করো। ৩

ঘ. বাংলাদেশ সরকারের আয় বৃদ্ধির উপায়গুলো চিহ্নিত করো। ৪

**১১.▶** রতন নবম শ্রেণির একজন ছাত্র। একদিন ক্লাসে তার অর্থনীতির শিক্ষকের কাছে থেকে জানতে পারলো, কোনো দ্রব্যের চাহিদার তুলনায় তার যোগান বেশি হলে দাম হয় নিম্নমুখী। বিপরীত অবস্থায় চাহিদা হয় উর্ধ্বমুখী। প্রকৃতপক্ষে এ দুই শক্তির পারস্পরিক প্রভাব যখন সমান হয় তখন ভারসাম্য দাম নির্ধারণ হয়।

ক. যোগান কী? ১

খ. ভারসাম্য দাম বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত দাম কম বেশি হলে তার চাহিদা ও যোগানের ওপর কী প্রভাব পড়ে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. শিক্ষক যে ভারসাম্যের কথা বলেছেন তা রেখাচিত্রের সাহায্যে বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট     পূর্ণমান— ৩০     বিষয় কোড : | ১ | ৪ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **পানি, বাতাস সম্পদ নয় কেন?**
ⓚ যোগান প্রচুর
ⓚ উপযোগ নেই
ⓖ বিনামূল্যে পাওয়া যায়
ⓖ সকল স্থানে পাওয়া যায়

২. **উৎপাদনের পরিমাণ কীভাবে বাড়ানো যায়?**
ⓚ আয়ের মাধ্যমে
ⓚ সঞ্চয়ের মাধ্যমে
ⓖ বিনিয়োগের মাধ্যমে
ⓖ মূলধনের মাধ্যমে

৩. **উন্নয়ন কী?**
ⓚ মাথাপিছু আয় বৃদ্ধি
ⓚ জাতীয় আয় বৃদ্ধি
ⓖ প্রবৃদ্ধির একটি অংশ
ⓖ প্রবৃদ্ধির সাথে অন্যান্য বিষয়ের সুফল

৪. **কে উৎপাদনের জন্য পরিকল্পনা করে?**
ⓚ মালিক    ⓚ নেতা
ⓖ সংগঠক    ⓖ কর্তৃপক্ষ

৫. **Monopoly শব্দের poly এর অর্থ কী?**
ⓚ ক্রেতা    ⓚ বিক্রেতা
ⓖ একজন    ⓖ বহুজন

৬. **Excise Duties কী?**
ⓚ আমদানি শুল্ক    ⓚ আবগারি শুল্ক
ⓖ মাদক শুল্ক    ⓖ বাড়তি শুল্ক

৭. **পূর্ণপ্রতিযোগিতামূলক ফার্মের মূল লক্ষ্য কী থাকে?**
ⓚ সর্বোচ্চ ব্যয়ে সর্বোচ্চ মুনাফা অর্জন
ⓚ সর্বনিম্ন ব্যয়ে সর্বোচ্চ মুনাফা অর্জন
ⓖ সেবা প্রদান
ⓖ অস্বাভাবিক মুনাফা অর্জন

৮. **অর্থনৈতিক উন্নয়নের পেছনের প্রভাবক কী?**
ⓚ উৎপাদন    ⓚ যোগান
ⓖ প্রকৃতি
ⓖ রাজনৈতিক স্থিতিশীলতা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**

আরমান সাহেবের ব্যাংকে যে হিসাবটি রয়েছে সেই হিসাব তিনি সপ্তাহে দুবারের বেশি অর্থ উঠাতে পারেন না। আবার তাঁর ছেলে যে ব্যাংকে চাকরি করেন সেই ব্যাংকে সাধারণ মানুষ হিসাব খুলতে পারেন না।

৯. **আরমান সাহেবের ব্যাংকে কী ধরনের হিসাব খোলা হয়েছে?**
ⓚ চলতি    ⓚ স্থায়ী
ⓖ সঞ্চয়ী    ⓖ স্বল্পমেয়াদী

১০. **আরমান সাহেবের ছেলে যে ব্যাংকে চাকরি করেন সেটির বৈশিষ্ট্য হলো—**
i. নোট প্রচলন
ii. ঋণ নিয়ন্ত্রণ
iii. সঞ্চয় বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii    ⓚ ii ও iii
ⓖ i ও iii    ⓖ i, ii ও iii

১১. **কেন্দ্রীয় ব্যাংক ঋণ দেয় কাকে?**
ⓚ সরকারকে    ⓚ জনগণকে
ⓖ উদ্যোক্তাদেরকে    ⓖ গ্রামীণ ব্যাংককে


১২. **ক্ষতিকর বস্তুর ভোগ হ্রাস করার উদ্দেশ্যে কোন কর ধার্য করা হয়?**
ⓚ মূল্য সংযোজন কর    ⓚ সম্পূরক শুল্ক
ⓖ আবগারি শুল্ক    ⓖ মাদক শুল্ক

১৩. **ভোগের পরিমাণ বৃদ্ধির সাথে সাথে প্রান্তিক উপযোগ কমে যাওয়ার প্রবণতাকে বলা হয়—**
i. ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি
ii. প্রান্তিক উপযোগ বিধি
iii. ক্রমবর্ধমান উপযোগ বিধি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i    ⓚ ii
ⓖ ii ও iii    ⓖ i, ii ও iii

১৪. **বৈদেশিক দান-অনুদান কোন বাজেটে অন্তর্ভুক্ত থাকে?**
ⓚ রাজস্ব বাজেটে    ⓚ সুষম বাজেটে
ⓖ ঘাটতি বাজেটে    ⓖ মূলধন বাজেটে

১৫. **অর্থের প্রথম ও প্রধান কাজ কী?**
ⓚ সঞ্চয়ের বাহন    ⓚ মূল্যের পরিমাপক
ⓖ মূল্য স্থানান্তর    ⓖ বিনিময়ের মাধ্যম

**নিচের চিত্রটি লক্ষ কর এবং ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও:**




Teachingbd.com

http://teachingbd.com

১৬. **চিত্রটি কোন বাজারকে নির্দেশ করে—**
ⓚ একচেটিয়া ⓚ পূর্ণ প্রতিযোগিতা
ⓖ একচেটিয়া প্রতিযোগিতামূলক
ⓖ ডুয়োপলি

১৭. **চিত্রে দাম কে নিয়ন্ত্রণ করেন?**
ক) বিক্রেতা খ) ক্রেতা
গ) ক্রেতা ও বিক্রেতা ঘ) সরকার

১৮. **অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য কোনটির বৃদ্ধিই যথেষ্ট?**
ক) মোট চাহিদা খ) মোট বিনিয়োগ
গ) জাতীয় আয় ঘ) জীবনযাত্রার মান

১৯. **বাজার ভারসাম্যের ক্ষেত্রে নিচের কোন শর্তটি আবশ্যক?**
ক) যে বিন্দুতে চাহিদা = যোগান
খ) যে বিন্দুতে চাহিদা > যোগান
গ) যে বিন্দুতে যোগান > চাহিদা
ঘ) যে বিন্দুতে যোগান ≠ চাহিদা

২০. **ভূমি, শ্রম, মূলধন, প্রযুক্তি সচলতা এগুলোকে কী বলে?**
ক) নিট বিনিয়োগের নির্ধারক
খ) মোট দেশজ উৎপাদ এর নির্ধারক
গ) মাথাপিছু আয়ের নির্ধারক
ঘ) ব্যয়গত নির্ধারক

২১. **বাজার ব্যবস্থা বিকাশ লাভ করার কারণ—**
i. সময়ের বিবর্তন
ii. চাহিদা ও যোগান
iii. আন্তর্জাতিক বাজার
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**
মারিয়া নারিকেল তেল কেনার জন্য বাজারে যায়। বাজারে বিক্রেতা তাকে একটি গন্ধরাজ নারিকের তেলের কৌটা দেখায় কিন্তু সে প্যারাসুট তেলের সুন্দর বোতল দেখে প্যারাসুট তেল নিয়ে আসে।

২২. **মারিয়া যে বাজার থেকে নারিকেল তেল কিনল সেটা কোন ধরনের বাজার?**
ক) পূর্ণ প্রতিযোগিতা
খ) একচেটিয়া প্রতিযোগিতামূলক
গ) একচেটিয়া ঘ) ডুয়োপলি

২৩. **মারিয়া যে বাজার থেকে নারিকেল তেল কিনে সে বাজারের বৈশিষ্ট্য হলো—**
i. সমজাতীয় অথচ পৃথকীকরণ করা যায়
ii. দলীয় ভারসাম্য
iii. বিজ্ঞাপন ও বিক্রয় খরচ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৪. **ভোক্তা কখন অতিরিক্ত এক একক দ্রব্যের জন্য কম দাম দিতে চায়?**
ক) ভোক্তার রুচির পরিবর্তন
খ) দ্রব্যের দাম কমলে
গ) দ্রব্যের উপযোগ কমলে
ঘ) দ্রব্যের দাম বাড়লে

২৫. **জীবন ধারণের পূর্ণাঙ্গ অধিকার দেওয়া হয় কোন ব্যবস্থায়?**
ক) মুক্তবাজার অর্থনীতি
খ) ইসলামি অর্থব্যবস্থা
গ) সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা
ঘ) মিশ্র অর্থব্যবস্থা

২৬. **বাংলাদেশের কোথায় কঠিন শিলা মজুদ রয়েছে?**
ক) বিজয়পুর খ) ডাঙ্গার হাট
গ) বড়পুকুরিয়া ঘ) রাণীপুকুর

২৭. **পূর্ণ প্রতিযোগিতার বাজারে কোন ধরনের পণ্য পরিলক্ষিত হয়?**
ক) অসমজাতীয় খ) সমজাতীয়
গ) কৃষিপণ্য ঘ) শিল্পপণ্য

২৮. **মোট জাতীয় আয়ের ক্ষেত্রে বিবেচ্য বিষয় হলো—**
i. নির্দিষ্ট সময়
ii. নির্দিষ্ট ভূখণ্ড
iii. দেশের নাগরিকগণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৯. **কোনটি অসীম বিহিত মুদ্রা?**
ক) ১ টাকার নোট খ) ২ টাকার নোট
গ) ৫০ টাকার নোট ঘ) ৫ টাকার ধাতবমুদ্রা

৩০. **প্রবৃদ্ধি ও উন্নয়নের মধ্যে সম্পর্ক কী?**
ক) উন্নয়ন + অন্যান্য বিষয়ের সুফল
খ) প্রবৃদ্ধি = উন্নয়ন
গ) প্রবৃদ্ধি < উন্নয়ন
ঘ) প্রবৃদ্ধি > উন্নয়ন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com